আমি একজন খ্রীষ্টাডেলফিয়ান

তাই আমি প্রভু যীশুকে অনুসরণের চেষ্টা করি

খ্রীষ্টাডেলফিয়ানগণ (খ্রীষ্টেতে ভাই ও বোনেরা) বাইবেলের সকল শিক্ষায় বিশ্বাস করেন, যার অন্তর্ভুক্ত:

১। বাইবেল হল ঈশ্বর হতে পাওয়া একমাত্র সত্য বার্তা যা সম্পূর্ণ রূপে তাঁর দ্বারা প্রদত্ত।

২। একমাত্র ঈশ্বর রয়েছেন যিনি পিতা, যিনি এই পৃথিবীর সৃষ্টি করেছেন এবং এই পৃথিবীর জন্য তাঁর একটি মহৎ উদ্দেশ্য রয়েছে।

৩। পবিত্র আত্মা ঈশ্বরের নিজস্ব শক্তি, যার মাধ্যমে তিনি তাঁর পবিত্র ইচ্ছার বাস্তবায়ন করে থাকেন।

৪। যীশু ঈশ্বরের পুত্র এবং মনুষ্য পুত্র যেহেতু মরিয়মের গর্ভে তিনি জন্মেছেন।

৫। যীশু সকল প্রলোভন জয় করেছেন এবং তাঁর অনুসারীদের পাপ এবং মৃত্যু থেকে রক্ষা করতে তিনি মৃত্যু বরন করেছেন ।

৬। ঈশ্বর যীশু খ্রীষ্টকে পুনরুত্থিত করেছেন, পরবর্তীতে তিনি স্বর্গারোহন করেছেন কিন্তু আবার ফিরে আসবেন (প্রেরিত ১:১১)।

৭। যখন তিনি ফিরে আসবেন তখন তিনি পুনরুত্থান এবং বিচার করবেন সকল পুনরুত্থিতদের এবং বিশ্বাসীদের অমরত্ব দান করবেন।

৮। তিনি সমস্ত পৃথিবীর উপরে ইস্রায়েলে পুনঃপ্রতিষ্ঠিত ঐশ্ব রাজ্যের রাজা হবেন।

৯। তার অমরণশীল অনুসারীগণ সমগ্র পৃথিবী জুড়ে অনন্তকাল স্থায়ী ধার্মিকতা ফিরিয়ে আনতে তাকে সাহায্য করবে।

১০। শয়তান কোন অতিপ্রাকৃতিক সত্তা নয় বরং পাপের অপর নাম এবং আমাদের মাংসিক চিন্তা যা খ্রীষ্ট সম্পূর্ণরূপে বিনষ্ট করেছিলেন।

১১। পরিত্রাণের অর্থ খ্রীষ্টের মাধ্যমে পাপের উপর এক আবরন, খ্রীষ্টের আগমনে পাপ এবং মৃত্যু হতে মুক্তি লাভ।

১২। মানুষ মারা গেলে তার জীবনের সমাপ্তি ঘটে। জীবনের একমাত্র আশা হল পুনরুত্থান যা হবে খ্রীষ্টের আগমনে।

১৩। ঈশ্বরের রাজ্য সম্পর্কে তাঁর প্রতিজ্ঞা এবং তাঁর পুত্র যীশু খ্রীষ্টে বিশ্বাস করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

১৪। অনুশোচনায় এবং জলে নিমজ্জিত হয়ে খ্রীষ্টে বাপ্তিস্ম গ্রহণ এবং প্রাত্যহিক কাজে তাকে অনুসরণ করাই পরিত্রাণের একমাত্র পথ।

আপনি যদি বাইবেলের শিক্ষা সম্পর্কে আরো জানতে আগ্রহী হন এবং বিনামূল্যে বাইবেল পড়ার নির্দেশনা ও ডাকযোগে আমাদের পরিচালিত

"বাইবেলের সত্যতা খুঁজতে"

নামক কোর্স এ অংশগ্রহণ করতে আগ্রহী হন তবে নীচে ঠিকানায় আপনার নাম ঠিকানা ও আগ্রহের কথা জানিয়ে যোগাযোগ করুন।

খ্রীষ্টাডেলফিয়ান বাইবেল স্টুডেন্টস্

পি ও বক্স নং ৯০৫২,
বনানী, ঢাকা, ১২১৩,
বাংলাদেশ

৩বি, ৩২১ যোধপুর পার্ক,
কোলকাতা, ৭০০০৬৮,
পশ্চিমবঙ্গ,
ভারত

আমার বিশ্বাস

এক মহান বার্তা
আমার বন্ধুদের কাছে ...

আমি বিশ্বাস করি একমাত্র ঈশ্বরে

যিনি সমস্ত সৃষ্টির নির্মাতা এবং নিয়ন্ত্রক

আপন কাজে ঈশ্বর

আমি জানি ঈশ্বর আছেন আমার চারপাশে যার অসংখ্য প্রমাণ ছড়িয়ে রয়েছে কোন একজন এই বিচিত্র ভূ-মণ্ডল তৈরি করেছেন এবং তিনিই এটাকে চলমান রেখেছেন!

আমি যদি দৃষ্টি ফেরাই একটি ফুল অথবা মাছের দিকে অথবা শুনি পাখির গান কিংবা ভেবে দেখি এই চোখ কান আর অসাধারণ সকল বুদ্ধিমত্তার কথা... আমার জানা প্রয়োজন নিশ্চয়ই একজন এ সকলের নির্মাণকর্তা।

আমার উপরের এবং চারপাশের এই মহাবিশ্ব আর মহাকাশ নিশ্চয়ই আপন মহিমাতে উজ্জল, আর সকল নক্ষত্রপুঞ্জ সে এক সুবিশাল কাহিনী তারই যিনি এ সকল কিছু ধরে রেখেছেন যিনি নিজ বাহু কোঠরে দিয়েছেন এদের বেষ্টনী।

এই ক্ষুদ্র পৃথিবী ঈশ্বর নির্মাণ করেছেন, মানুষ তা দূষিত করেছে, কিন্তু ঈশ্বরের তৈরী সুন্দর্য উপচে পড়া প্রাচুর্য্যে পরিপূর্ণ। সকল মাঠ, পুকুর তিনি পূর্ণ করেন, অগণিত প্রাণের ছোঁয়ায়। হাজার পর্বতে ছড়ানো সকল গবাদি পশু, আর প্রতিটি মানুষের জীবনতো তারই দান।

আমি ঈশ্বরের কাজ দেখেছি, তিনি আমার জীবনেও কাজ করেন, পথ প্রদর্শন করেন সকাল সাঝে এবং তার পবিত্র বাক্যের মাধ্যমে তিনি আমায় চালান বিশ্বাসের পথে তাঁর প্রিয় পুত্রের মধ্য দিয়ে।

📖 **ঈশ্বরের সাহায্যের জন্য তাঁর কাছে প্রার্থনা করুন ...**

আমি বিশ্বাস করি পবিত্র বাইবেলে

যা এই পৃথিবীতে ঈশ্বরের বার্তা

পবিত্র বাইবেল

শুধু একটিমাত্র সত্যময় বাইবেল রয়েছে, যা এই পৃথিবীর সবচেয়ে পুরাতন বই। বাইবেল দাবী করে এটি ঈশ্বর হতে আগত, এবং আমি যখন এটি পড়ি, এটি সেই সত্যই প্রকাশ করে। বাইবেলের ৬৬ টি পুস্তক, লেখা হয়েছিল ১৫০০ বছর ধরে, প্রতিটি পুস্তকই সঠিকভাবে সংযোজন করা হয়েছে এবং এর বাক্যগুলো অত্যন্ত শ্রুতিমধুর। পুরাতন এবং নতুন উভয় পুস্তকেই একই ধরনের মহান সুসমাচারের কথা বলা হয়েছে। বাইবেলের বর্ণনা এবং প্রাচীন তথ্য সমূহ ঘটনার সাথে অত্যন্ত সঙ্গতিপূর্ণ কোন ইতিহাসবেত্তা বা বৈজ্ঞানিক এটিকে ভিন্নভাবে প্রমাণ করতে পারেনি - এবং পারবেও না। বরং সকল প্রত্নতত্ব বা সত্যিকার গবেষনা এই পবিত্র বাক্যের পক্ষে শুধুমাত্র এর যথার্থ আবিস্কারই উপস্থাপন করে।

ঈশ্বর বিনম্রদের সাথে এই বইটির বাক্যের মধ্য দিয়ে কথা বলেন। এতে ধারণ করা হয়েছে তাঁর সকল প্রতিশ্রুতি এবং শর্তাবলী যার ভিত্তিতে তিনি মুক্তি, ধার্মিকতা ও অনন্ত জীবনের আহবান জানান। আমি এখানে শুধু জানতে পারি তাঁর পুত্র, যীশুর মধ্য দিয়ে এই পৃথিবীর জন্য তার মহৎ পরিকল্পনা যার অংশীদার আমরা সবাই হতে পারি! ঈশ্বর তাঁর কথা রক্ষা করেছেন শত বৎসর ধরে, যদিও মানুষ তা ধ্বংসের বহু অপচেষ্টা করেছে। তাই আমরা সবাই আজকে আমাদের নিজ ভাষায় বাইবেল পড়তে পারি, এ কারণে তিনি তাঁর বাক্যে আমাদেরকে যা করতে বলেন তা করতে পারি।

মরু সাগরে প্রাপ্ত পাণ্ডুলিপি, আবিষ্কৃত হয় ১৯৪৭ সালে, যা প্রমাণ করে যে ২০০০ বছরের মধ্যে যীশু খ্রীষ্টের সময়কার পুরাতন নিয়মে তেমন কোন পরিবর্তন হয়নি।

📖 **বাইবেল প্রতিদিন পাঠ করুন...**

আমি বিশ্বাস করি যীশু খ্রীষ্টতে

যিনি ঈশ্বরের পুত্র ত্রাণকর্তা এবং রাজা

নাসরতিয় যীশু

আমি বিশ্বাস করি যীশু বৈৎলেহম শহরে ২০০০ বছর আগে জন্মেছিলেন। ঈশ্বর তার পিতা ছিলেন পবিত্র আত্মা শক্তির মধ্য দিয়ে এক যিহূদী কুমারী, মরিয়মের গর্ভে জন্ম গ্রহণ করেন, তাই যীশু ছিলেন ঈশ্বরের পুত্র এবং মনুষ্য পুত্র!

তিনি নাসরতে বড় হন, তিনি বড় হন অনুগ্রহে এবং বিচক্ষণতায় ঈশ্বরের এ পৃথিবীতে। ত্রিশ বছর বয়সে তিনি সম্পূর্ণ রূপে প্রস্তুত ছিলেন সু-সমাচার প্রচারের জন্য যখন তিনি বাপ্তাইজিত হয়েছিলেন যর্দন নদীতে।

বিস্ময়কর ভাষা এবং নানাবিধ অলৌকিক কাজের মাধ্যমে, যীশু প্রচার করেছেন, "ঈশ্বরের রাজ্য সন্নিকট"। প্রলোভিত এবং ক্লান্ত হয়েছেন পদে পদে তবুও পাপমুক্ত থেকেছেন ঈশ্বরের বাধ্য সন্তান হিসাবে। পরিশেষে তিনি ক্রুশে প্রাণ দিয়েছেন এবং সকল বিশ্বাসীর ত্রাণকর্তা হয়েছেন।

যীশুকে তৃতীয় দিনে ঈশ্বর মৃত্যু থেকে পুনরুত্থিত করেছেন, দান করেছেন অমরত্ব। তিনি এখন পুনরুত্থিত প্রভু হয়ে স্বর্গে আছেন, ঈশ্বর এবং মানুষের মাঝে যীশুই একমাত্র মধ্যস্থতাকারী। যেহেতু আমি বিশ্বাস করি প্রভুর বাক্যে এবং পাপ ও মৃত্যুর উপরে খ্রীষ্টের বিজয়ে তাই আমি তাকে অনুসরণের চেষ্টা করি এবং রাজা হিসেবে তার দ্বিতীয় আগমনের প্রতীক্ষায় প্রস্তুতি গ্রহণ করছি।

এ কারণেই আমি খ্রীষ্টেতে বাপ্তায়িজিত হয়েছি এবং এভাবেই গ্রহণ করেছি ঈশ্বরের পরিবারের সদস্যপদ খ্রীষ্টের মধ্যদিয়ে। তার নামেই আমি ঈশ্বরের নিকট প্রার্থনা করি। প্রত্যেক সপ্তাহে রুটি ভাঙ্গার মধ্য দিয়ে আমি যীশুকে স্মরণ করি।

নীচের পদ গুলি লক্ষ্য করুন - লূক ১:৩৫, ২:৫২, ৪:৪৩;
১ করিন্থীয় ১৫:৩-৪; রোমীয় ৫:৩-৪;
১ করিন্থীয় ১১:২৩-২৬

📖 **প্রভু যীশু খ্রীষ্ট সম্পর্কে জানুন ...**



আমি বিশ্বাস করি ঈশ্বরের রাজ্যে

যা এই পৃথিবীতে স্থাপিত হবে

যীশু খ্রীষ্ট ফিরে আসবে রাজা হিসাবে রাজত্ব করতে যিরূশালেম হবে তার রাজধানী।

- 📖 আমি জানি তার আগমন সন্নিকট, কেননা বাইবেল বলে এটি হবে যখন যিহূদীরা, ঈশ্বরের লোকেরা ইস্রায়েলের ভূমিতে ফিরে আসতে থাকবে।
- 📖 যীশু নিজেই বলেছেন তিনি ফিরবেন যখন সারা বিশ্বের মানুষেরা চরম ভোগান্তি এবং ভয়ের মধ্যে থাকবে - যে কোন মানুষই পথে বের হতে ভয় পাবে।
- 📖 বাইবেল আমাকে আরো বলে যে, সে সময় যুদ্ধ এবং ধ্বংসযজ্ঞ চলবে সারা পৃথিবী জুড়ে এবং ঈশ্বর তাঁর ক্রোধ মানুষের উপর ঢেলে দেবেন।
- 📖 আমি বিশ্বাস করি যীশু খ্রীষ্ট মৃতদের উত্থাপিত করবেন একই সাথে যারা ঈশ্বরের বাক্য জেনেছে এবং তাঁর প্রতি বিশ্বস্ত তাদেরকে অমরত্ব প্রদান করবেন।
- 📖 তারা যীশুকে পৃথিবী শাসনে সহায়তা করবে যতক্ষন না পাপ এবং মৃত্যু সম্পূর্ণ বিলুপ্ত হয় এবং এই পৃথিবী অনন্তকাল ধরে ঈশ্বরের মহিমায় পরিপূর্ণ হবে।

দেখে নেবার মত কিছু বাইবেলের পদ:-

প্রেরিত ১:১১; লূক ২১:২৪-২৮;
যোয়েল ৩:১,২,১৬; যিশাইয় ২:৩;
১ম করিন্থীয় ১৫:২২-২৬; দানিয়েল ৭:২৭
হবক্কূক ২:১৪



📖 **প্রস্তুতি হোন ঈশ্বরের আসন্ন রাজ্যের জন্য**